# ট্রান্স ওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেণ্ডার, জুন ২০২৩

**১। প্রকৃত সান্ত্বনা** – "হে প্রভু, একেক সময় আমি অত্যন্ত দুঃখিত হওয়ার বিষয় অনুভব করি এবং বিহ্বল হয়ে যাই এবং কোনও স্থায়ী সান্ত্বনা পাই না। আমি এটা জেনে আনন্দিত যে পবিত্র আত্মা প্রকৃত সান্ত্বনাদাতা। মানুষের দ্বারা্ আমি যন্ত্রণার উপশমের প্রচেষ্টা ত্যাগ করছি। আমাকে তোমার পবিত্র আত্মায় পূর্ণ করার এবং আমাকে তোমার শান্তি ও বিশ্রাম দানের  জন্য আমি তোমার কাছে যাচ্ঞা করি।" (মথি ৫:৪)

**২। অলৌকিকভাবে ভালোবাসা**– "হে স্বর্গীয় পিতা, তুমি আমাদের পরস্পরকে ভালোবাসার নির্দেশ দিয়েছো, কিন্তু আমার ভালোবাসার প্রচেষ্টা সর্বদা ব্যর্থ হয়েছে। আমার মাংসিক প্রচেষ্টগুলোর ঘাটতি ছিল এবং শেষ পর্যন্ত আমি নিজের-সেবাতেই লিপ্ত হয়েছিলাম। আমি উপলব্ধি করেছি যে তুমিই হচ্ছ প্রকৃত ভালেবাসার উৎস। হে পবিত্র আত্মা, আমাকে পূর্ণ করো এবং আমার মাধ্যমে অন্যদের ভালোবাসো।" (রোমীয় ১৩:৮-১০)

**৩। খ্রীষ্ট আমার জীবন** – "হে প্রভু, আমি বছরগুলোর অর্থ এবং তাৎপর্যের জন্য অনুসন্ধান করেছি। এখন আমি জানি যে জীবনের উৎস ছাড়া তা উপলব্ধি করা সম্ভব নয়। তুমিই জীবনের প্রকৃত উৎস। এখন আমি বুঝতে পারছি যে আমি যখন খ্রীষ্টকে লাভ করেছি, তখন খ্রীষ্টই আমার জীবনে পরিণত হয়েছেন। সেই কারণে, হে প্রভু যীশু খ্রীষ্ট আমি নিজেকে তোমার কাছে প্রদান করি। (কলসীয় ৩:৪)

**৪।শেষে আমাদের তাঁর কাছেই যেতে হবে** – "হে প্রভু যীশু, তুমি সর্বশক্তিমান ঈশ্বর – অনন্ত জীবনের একমাত্র উৎস। আমি বুঝতে পেরেছি যে তুমিই একমাত্র সেই ব্যক্তি যার কাছে আমি যেতে পারি। সেই কারণে, আমার জীবনের উৎস হিসাবে আমি তোমার প্রতি দৃষ্টিপাত করি।সর্বদা তোমার কাছে যেতে আমাকে সাহায্য করো। তোমার উপর সম্পূর্ণ আস্থা রাথতে আমাকে তোমার অনুগ্রহ দাও। (যোহন ৬:৬৮)

**৫।ঈশ্বরের বিষয়ে সচেতনতা** – "হে ঈশ্বর, একেক সময় আমার জীবন খুব স্থায়ী থাকে না। সেই জন্যে, আমার স্থায়ীত্বের উৎস হিসাবে আমি তোমার প্রতি ফিরি। আমাকে ঈশ্বর সচেতনতায় বাঁচতে সাহায্য করো যাতে আমি তোমার বাসকারী উপস্থিতির চেতনা লাভ করতে পারি এবং আস্থা ও প্রত্যাশার সঙ্গে জীবনের চ্যালেঞ্জগুলির মোকাবিলা করতে পারি।(ফিলিপীয় ৪:৬-৭)

**৬।আপাৎকালীনতা** – বাইবেল জিজ্ঞাসা করে এবং একই সময় উত্তর দেয়: “তোমাদের জীবন কি প্রকার? তোমরা ত বাষ্পস্বরূপ, যাহা ক্ষণেক দৃশ্য থাকে, পরে অন্তর্হিত হয়” (যাকোব ৪:১৪)। হে প্রভু, আমার জীবনযাপন যেন সুবিবেচনাপূর্ণ হয় এবং তোমার সঙ্গে মিলিত হওয়ার জন্য সর্বদা প্রস্তুত থাকে।

**৭। স্মৃতিগুলো** – পুরুষেরা পাপপূর্ণ স্মৃতিগুলি নিয়ে সংগ্রাম করে এবং শত্রু দিয়াবল সর্বদা অভিযুক্ত করার চেষ্টা করে। যীশুর রক্ত আমাদের সমস্ত স্বীকৃত পাপকে ধুয়ে দেয়। প্রভু বলেছেন: “আমি তোমার অধর্ম্ম সকল কুজ্ঝটিকার ন্যায়, তোমার পাপ সকল মেঘের ন্যায় ঘুচাইয়া ফেলিয়াছি; তুমি আমার প্রতি ফির, কেননা আমি তোমাকে মুক্ত করিয়াছি” (যিশাইয় ৪৪:২২)।

**৮। মর্যাদা** – খ্রীষ্টিয় পুরুষ হিসাবে আমাদের ইতিবাচক প্রভাব থাকা উচিৎ। আর এটাই আমাদের স্ত্রীদের সঙ্গে সম্পর্কের মধ্যে সব থেকে উত্তম রূপে প্রকটিত হয়। মানদণ্ডটি উচ্চ। খ্রীষ্ট যেমন মণ্ডলীকে প্রেম করেন এবং নিজেকে দিয়েছিলেন, সেইভাবে একজন স্বামীরও উচিৎ তাঁর স্ত্রীকে প্রেম করা এবং মর্যাদা দেওয়া (ইফিষীয় ৫:২৫)। হে প্রভু আমার স্ত্রীর জন্য তোমাকে ধন্যবাদ।

**৯। দুই দিক** – আমরা সকলেই সন্তান! কয়েক জন ইতিমধ্যেই বাবা মা হয়েছেন, এবং এমনকী অনেকে ঠাকুর্দা ঠাকুমাও হয়েছেন!হিতোপদেশ ১৩:১ পদে জ্ঞানবান পুত্রের কথা বলা হয়েছে যে তার পিতার কথা শোনে। হে প্রভু, আমাকে এমন একজন পুত্র হতে এবং একজন পিতা হতে সাহায্য কর যে পববর্তী প্রজন্মের কাছে তোমার বাক্যরে জ্ঞান সঞ্চারিত করবে।

**১০।পতি বা পত্নী** – আপনার পুত্র অথবা কন্যারা কাকে বিবাহ করবে সেই বিষয়ে আপনি কি চিন্তিত? আদিপুস্তক ২৪ অধ্যায়ে অব্রাহাম চিন্তা করেছিলেন যে তাঁর পুত্রের বিবাহ যেন আশীর্ব্বাদযুক্ত হয়। হে প্রভু, আজ আমরা আমাদের সন্তানদের ভাবী জীবন সাথীদের জন্য মধ্যস্থতাকারী প্রার্থনা করবো।তাদের বিবাহ যেন তোমার ইচ্ছানুসারে সুখী বিবাহ হয়।

**১১।দুর্দশা** – “সঙ্কটে তুমি আমাকে মনের প্রশস্ততা দিয়াছ; আমাকে দয়া কর, প্রার্থনা শুন” (গীত ৪:১)।দাউদের মতো আমরাও প্রার্থনা করতে পারি এবং যা কিছু আমাদের কষ্ট দেয় এবং আমাদের জীবনকে অসহনীয় করে তোলে সেই সমস্ত বিষয়গুলি আমরা ঈশ্বরের সম্মুখে আনতে পারি। তিনি আমাদের দর্শনকে প্রসারিত করেন এবং আমাদের হৃদয়কে উৎসাহিত করেন।

**১২।ভালোবাসা** – “ভালোবাসুন এবং তারপর আপনি যা চান তাই করুন” (অগস্টিন)।“...কেবল পরস্পর প্রেম ধারিও; কেননা পরকে যে প্রেম করে, সে ব্যবস্থা

পূর্ণরূপে পালন করিয়াছে” (রোমীয় ১৩:৮খ)। আমরা যখন ঈশ্বরের প্রেম সঞ্চারিত করি তখন আমরা এক ধরণের স্বাধীনতা, সৃজনশীলতা এবং সম্পর্কের অভিজ্ঞতা লাভ করি যা আমাদের জীবনকে সমৃদ্ধ করে। নিজেকে জিজ্ঞাসা করুন: কার প্রতি আমরা আজ কিছু ভালো করতে পারি?

**১৩।স্থায়িত্ব** – “আমি তোমাকে আশীর্ব্বাদ...করিব, তাহাতে তুমি আশীর্ব্বাদের আকর হইবে” (আদি ১২:২)। আমাদের যা কিছু আছে তা আমাদের উপভোগের জন্য এবং অন্যদের ভালো করার জন্যে একটি উপায় হিসাবে ঈশ্বর কর্তৃক আমাদের উপর ভার দেওয়া হয়েছে। এইভাবে আমরা ঈশ্বরের প্রাচুর্যপূর্ণ আশীর্ব্বাদের জন্য জায়গা করে দিই।

**১৪। পরিত্যাগ করা** – “এই কারণ মনুষ্য আপন পিতা মাতাকে ত্যাগ করিয়া আপন স্ত্রীতে আসক্ত হইবে, এবং তাহারা একাঙ্গ হইবে” (আদি ২:২৪)। একটি নতুন সম্পর্কের জন্য এবং প্রাণ ও দেহের ঐক্যের ভিত্তির জন্য পূর্বশর্ত হচ্ছে স্বাধীনতা।

**১৫। সহভাগিতা** – ঈশ্বর যখন আপনার মনোযোগ আকর্ষণ করার চেষ্টা করেন তখন তিনি আপনার কানে ফিসফিস করে কথা বলেন এবং আপনার চারিদিকে যদি অনেক আওয়াজ হয় তাহলে আপনি কখনও তাঁর রব শুনতে পাবেন না।প্রার্থনা করুন যাতে ঈশ্বর আপনাকে সমস্ত বিরক্তকারী আওয়াজগুলোকে নীরব করতে সাহায্য করেন – তাঁর সঙ্গে প্রকৃত সহভাগিতা উপভোগ করতে সক্ষম করেন (১ রাজা ১৯:১২-১৩)।

**১৬। কখন একা নন** – খ্রীষ্টের অনুগামী হিসাবে আপনি জানেন কষ্টের সময় কোথায় যেতে হবে। সর্বদা আপনার পক্ষে থাকার এবং কখনও আপনাকে পরিত্যাগ না করার অথবা ছেড়ে চলে না যাওয়ার তাঁর প্রতিজ্ঞাগুলির জন্যে প্রভু যীশু খ্রীষ্টকে ধন্যবাদ দিন।“আমি কোনও ক্রমে তোমাকে ছাড়িব না, ও কোন ক্রমে তোমাকে ত্যাগ করিব না” (ইব্রীয় ১৩:৫)।

**১৭।মাছ্ ধরা** – আপনি যদি মাছ ধরতে চান, তাহলে আপনাক অবশ্যই কয়েকটি প্রস্তুতি নিতে হবে। আপনি যদি একজন সফল মনুষ্যধারী মানুষে পরিণত হতে চান, তাহলেও আপনাকে একইভাবে প্রস্তুতি নিতে হবে। কীভাবে একজন কার্যকর মৎসধারী পুরুষ হতে হবে সেই বিষয় আপনাকে শিক্ষা দানের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন (মথি ৪:১৯)।

**১৮। প্রতিফলিত করা** – কোনও মানুষ কখনও ঈশ্বরের মুখ দেখেননি, কিন্তু যীশুর অনুগামী হিসাবে আপনি আপনার চারিদিকের লোকদের মধ্যে তাঁর দ্যুতি প্রতিফলিত করবেন। প্রার্থনা করুন যাতে লোকেরা আপনার জীবনে ঈশ্বরের

মহিমার ঝলক দেখতে পান, এবং অনেক লোক যেন আপনার জীবনের দ্বারা উৎসাহিত হয়ে তাদের অন্তরে প্রভু যীশুকে আমন্ত্রণ করেন (প্রেরিত ৬:১৫)।

**১৯। বিশ্বাস** – "কিন্তু বিনা বিশ্বাসে প্রীতির পাত্র হওয়া কাহারও সাধ্য নয়; কারণ যে ব্যক্তি ঈশ্বরের নিকটে উপস্থিত হয়, তাহার ইহা বিশ্বাস করা আবশ্যক যে ঈশ্বর আছেন, এবং যাহারা তাঁহার অন্বেষণ করে, তিনি তাহাদের পুরস্কারদাতা"(ইব্রীয় ১১:৬)।যীশু খ্রীষ্টের মাধ্যমে প্রত্যেকে পিতার কাছে আসার জন্য আমন্ত্রিত।বিশ্বাসের একজন পুরুষ সেই ব্যক্তি যিনি বিনম্রতার মধ্যে তাঁর হৃদয় এবং ইচ্ছা সমর্পণ করার দ্বারা তাঁকে প্রথমে রাখেন।

**২০। চরিত্র** – এই জগতের অধিপতি ঈশ্বরের রাজ্যের অগ্রগতির বিরুদ্ধে ভীতিপ্রদর্শন করে এবং যুদ্ধ করে। চরিত্রপূর্ণ পুরুষদের ঈশ্বর সম্মান করবেন যারা বিশ্বাসে অবিচল থাকেন এবং পরিবারে এবং বাজার ক্ষেত্রে বাইবেল সংক্রান্ত মূল্যবোধগুলোতে জীবন যাপন করেন। পার্থক্য তৈরী করুন এবং সেই ধরণের একটি পুরুষ হন যাদের কাছে জগৎ যোগ্য নয়। (ইব্রীয় ১১:৩৮)

**২১। কাজ করা** – "অতএব তোমরা আপন আপন মনের কটি বাঁধিয়া মিতাচারী হও, এবং যীশু খ্রীষ্টের ... অপেক্ষাতে সম্পূর্ণ প্রত্যাশা রাখ" (১ পিতর ১:১৩)।প্রভু তাঁর ফিরে না আসা পর্যন্ত তাঁর শিষ্যদের কাজ করতে বলেছিলেন। ঈশ্বর আগে থেকেই যে সমস্ত উত্তম কাজ প্রস্তুত করে রেখেছেন সেই পথে আমাদের চলা উচিৎ। আপনার কাজের মাধ্যমে প্রভুকে গৌরবান্বিত করার জন্য দৃঢ় সঙ্কল্পযুক্ত হন।

**২২। এক-মন হওয়া** – "কিন্তু সে বিশ্বাসপূর্বক যাচ্ঞা করুক কিছু সন্দেহ না করুক; ... দ্বিমনা লোক, আপনার সকল পথে অস্থির" (যাকোব ১:৬-৮)। আমরা যখন আমাদের সমস্ত অন্তর দিয়ে তাঁর অন্বেষণ করি তখন ঈশ্বর উত্তর দেন। আপনার গভীরতম প্রেরণাকে কী চালিত করে তা পরীক্ষা করে দেখতে ইচ্ছুক হন এবং এমন একটি মনের জন্য প্রার্থনা করুন যা প্রথমে তাঁর রাজ্যের উপর নিবদ্ধ থাকে।

**২৩। প্রেম** – "আর এখন বিশ্বাস, প্রত্যাশা, প্রেম, এই তিনটী আছে, আর ইহাদের মধ্যে প্রেমই শ্রেষ্ঠ" (১ করি ১৩:১৩)। আপনাকে এমন একটি পুরুষে পরিণত করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন যে পতিতদের অন্বেষণ করে, দুর্বলদের সুরক্ষিত করে, যে সঠিক বিষয়ের জন্য যুদ্ধ করে এবং যে সমস্ত মন্দ বিষয়গুলিকে প্রতিরোধ করে। এইভাবে আপনি আপনার মধ্যে দিয়ে খ্রীষ্টের প্রেমকে প্রবাহিত হতে দেন।

**২৪।কষ্টভোগ** – "আর সমস্ত অনুগ্রহের ঈশ্বর, যিনি তোমাদিগকে খ্রীষ্টে আপনার অনন্ত প্রতাপ প্রদানার্থে আহ্বান করিয়াছেন, তিনি আপনি তোমাদের ক্ষণিক দুঃখভোগের পর তোমাদিগকে পরিপক্ক, সুস্থির, সবল, বদ্ধমূল করিবেন" (১ পিতর

৫:১০)। ৩৬০ মিলিয়ন খ্রীষ্টানদের জন্য প্রার্থনা করুন যারা সবল থাকার জন্য উচ্চ স্তরের তাড়নার অভিজ্ঞতা লাভ করেছেন।

**২৫। প্রার্থনা**–"ধার্ম্মিকের বিনতি কার্য্যসাধনে মহাশক্তিযুক্ত" (যাকোব ৫:১৬খ)।পৃথিবী পরিবর্তনকারী হওয়ার জন্য ঈশ্বর আমাদের প্রার্থনা দিয়েছেন। প্রার্থনা করুন আপনি যেন ঈশ্বরের চাহিদা মতো পুরুষ হতে পারেন। আপনি যেন আপনার পরিবার এবং সমাজের জন্য আশীর্ব্বাদের হাতিয়ার হতে পারেন। ঈশ্বরের কাছ্ থেকে মহান বিষয়গুলি প্রত্যাশা করুন কারণ তিনি সর্বশক্তিমান!

**২৬। জ্ঞান** – "যদি তোমাদের কাহারও জ্ঞানের অভাব হয়, তবে সে ঈশ্বরের কাছে যাচ্ঞা করুক; তিনি সকলকে অকাতরে দিয়া থাকেন, তিরস্কার করেন না; তাহাকে দত্ত হইবে" (যাকোব ১:৫)।বন্ধুগণ, বিনিদ্র রাত্রি যাপনের মধ্যে দিয়ে এবং বিরামহীন আলোচনা করে সময় নষ্ট করার আগে, আপনার জানুপাত করুন এবং কোনটা ঠিক তা নির্ধারণ করার জন্য এবং ঈশ্বরের দৃষ্টিকে সন্তুষ্ট করার জন্য জ্ঞানের জন্য যীশুর নামে প্রার্থনা করুন। তিনি উত্তর দেবেন।

**২৭। ক্ষমতায় থাকা** – "কিন্তু যে কেহ শেষ পর্য্যন্ত স্থির থাকিবে, সেই পরিত্রাণ পাইবে" (মথি ২৪:১৩)।একজন ক্রীড়াবিদ নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে পেশী শক্তি বিকশিত করে।একজন খ্রীষ্টান প্রভু যীশু খ্রীষ্টে বিশ্বাসে স্থির থাকার মাধ্যমে এবং অবিরত তাঁর উপর নির্ভর করার মাধ্যমে ক্ষমতায় থাকার শক্তি বিকশিত করে। এইভাবে প্রভুর সমাদর করুন।

**২৮।উৎকর্ষ** – "যাহা কিছু কর, প্রাণের সহিত কার্য্য কর, মনুষ্যের কর্ম্ম নয়, কিন্তু প্রভুরই কর্ম্ম বলিয়া কর" (কলসীয় ৩:২৩)।খ্রীষ্টের একজন শিষ্যের তার সব থেকে ভালো সামর্থের উদ্দেশে কাজ করার সর্বোচ্চ প্রেরণা আছে। একজন খ্রীষ্টান যিনি তার শ্রমের মধ্যে অধ্যবসায়ী হন তিনি সম্মানিত হবেন। উৎকর্ষপূর্ণ পুরুষ হন এবং খ্রীষ্টের জন্য কথা বলতে আগ্রহী হন।

**২৯।সাহসীকতা** – "তখন পিতরের এবং যোহনের সাহস দেখিয়া...চিনিতে পারিলেন যে, ইহাঁরা যীশুর সঙ্গে ছিলেন" (প্রেরিত ৪:১৩)।মানবিক জ্ঞান অথবা সামর্থ্য নয়, কিন্তু পবিত্র আত্মার পূর্ণতা তাদেরকে খ্রীষ্টের জন্য বাঁচার এবং কথা বলার সাহস দিয়েছেন। তাঁর মণ্ডলীকে উজ্জীবিত করার জন্য প্রভুর কাছে প্রার্থনা করুন।

**৩০। অনন্ত জীবন** – "কারণ ঈশ্বর জগতকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে দান করিলেন, যেন, যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়" (যোহন ৩:১৬)।ক্রুশের উপর যীশু খ্রীষ্ট সমগ্র

মানবজাতিকে উদ্ধার করেছিলেন। অনন্ত জীবন পাওয়ার জন্য তাঁকে বিশ্বাস করাই যথেষ্ট।এই সুসমাচারটি সহভাগিতা করুন! লোকেরা মারা যাচ্ছে।

---

**যোগাযোগের জন্য:** ট্রান্স ওয়ার্ল্ড রেডিও ইণ্ডিয়া, পোস্ট ব্যাগ নং -১, পোস্টঃ জোকা কোলকাতা ৭০০১০৪,
মোবাইল: ৯৪৩৩৪৯৭২৩৫।
**You tube : TWR India Bengali**

ওয়েব সাইটঃ www.twr.in

আজকের চিন্তার জন্যঃ ৮৩৩৭০১২৪৩৩ নম্বরে ওয়াটস্ আপ্ করুন।